# বাপেক্স -এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বার্ষিক (জুলাই, ২০২৪ – জুন, ২০২৫), পর্যন্ত অগ্রগতির প্রতিবেদন

বাপেক্স এর কৌশলগত উদ্দেশ্যসমূহ :

| | | |
|---|---|---|
| ১.১ | ১)জ্বালানি অনুসন্ধানে সার্ভে কার্যক্রম জোরদারকরণ | **ভূতাত্ত্বিক জরিপ (লক্ষ্যমাত্রা ৯০ লাইন কি.মি. এলাকা- গারো পাহাড় ভূগঠন এর পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠন):**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ সর্বমোট ৯০ লাইন কি.মি.। ২০২৪-২৫ অর্থবছরে গারো পাহাড় ভূগঠন এর পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠনে (শেরপুর জেলার নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা, জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলা এবং কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর ও রৌমারী উপজেলা) গত ২৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ মাঠপর্যায়ে ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রম শুরু হয়ে ৩০-০৬-২০২৫ তারিখে ৯৫ লাইন কি.মি সার্ভে সম্পন্ন করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত সার্ভে-৯৫ লাইন কি.মি ও শিলা নমুনা-১০২ টি। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.২ | | **দ্বিমাত্রিক জরিপ (লক্ষ্যমাত্রা ৯০০ লাইন কি.মি.; ব্লক-৬বি সাউথ এন্ড ১০):**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ : ৯০০ লাইন কি.মি.। ২০২৪-২০২৫ অর্থবছরে "২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬বি সাউথ এন্ড ১০" শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত নোয়াখালী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর জেলা এবং তৎসংলগ্ন এলাকাতে মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহের কার্যক্রম গত জুলাই, ২০২৪ সালে শুরু হয়। স্থলভাগে ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত সার্ভে- ১০০০.২৫ লাইন কি.মি, ড্রিলিং- ১০০০ লাইন কি.মি ও রেকর্ডিং (উপাত্ত সংগ্রহ)- ৯৯৭.৩২৫ লাইন কি.মি উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.৩ | | **ত্রিমাত্রিক জরিপ (লক্ষ্যমাত্রা: ভোলা এলাকায় "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া" শীর্ষক প্রকল্পের ডিপিপি অর্থবিভাগে প্রেরণ):**<br>"৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া" শীর্ষক প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অর্থায়নের প্রকৃতি নির্ধারণের লক্ষ্যে ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছিল। ডিপিপিটি পরীক্ষান্তে পেট্রোবাংলার প্লানিং এন্ড মনিটরিং বিভাগ কর্তৃক কিছু পরিমার্জনের জন্য সুপারিশ করা হয়। সে মোতাবেক সংশ্লিষ্ট অংশের পরিমার্জনপূর্বক ডিপিপি পুনরায় ০৫ মার্চ ২০২৫ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয় যা পরবর্তীতে ৬ এপ্রিল ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছিল। গত ২৬ জুন ২০২৫ তারিখে প্রকল্পের জিওবি অর্থায়নে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.৪ | ২)জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ | **অনুসন্ধান কূপ (লক্ষ্যমাত্রা ১টি; জামালপুর-১):**<br>ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন করার লক্ষ্যে ১৩-০১-২০২৫ তারিখে কূপে রিগ আপ এবং ২৪-০১-২০২৫ তারিখে Spud-In সম্পন্ন হয়েছে। ১৩-০৪-২০২৫ তারিখে কূপটির ২৬০০ মিটার পর্যন্ত খনন কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে কূপে DST Operation, Production test সফলভাবে সম্পন্ন শেষে ১৪৪১-১৪৪৪.৫০মিটার গভীরতায় ডিএসটি টার্গেট জোনের সারফেসে গ্যাসের অস্তিত্ব পাওয়া গেছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.৫ | | **উন্নয়ন কূপ (লক্ষ্যমাত্রা ২টি; সুন্দলপুর-৪, ভোলা নর্থ-৩):**<br>**সুন্দলপুর-৪** মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এলাকায় ভূমি অধিযাচন ও ভূমি উন্নয়ন কাজ চলমান আছে। খনন সংশ্লিষ্ট মালামাল ক্রয় এবং তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় কাজ চলমান রয়েছে।<br>প্রস্তাবিত ভোলা নর্থ-৩ কূপ খননের লক্ষ্যে আর্ন্তজাতিক উন্মুক্ত দরপত্র উন্মুক্ত দরপত্র মূল্যায়ণের কাজ চলমান আছে।<br>**শ্রীকাইল-৫** মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এলাকায় ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া অন্যান্য পূর্ত কাজ চলমানের পাশাপাশি খনন সংশ্লিষ্ট মালামাল ক্রয় এবং তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় কাজ চলমান রয়েছে। |
| ১.৬ | | **ওয়ার্কওভার কূপ (লক্ষ্যমাত্রা ২টি (এসজিএফএল এর ২টি- সিলেট-৭, হবিগঞ্জ-৫))**<br>**সিলেট-৭** কূপের ওয়ার্কওভার ০৩-১১-২০২৪ তারিখে সফলভাবে সম্পন্ন করে গ্যাস উৎপাদন শুরু হয়েছে।<br>হবিগঞ্জ-৫ এর পরিবর্তে **তিতাস-১৬** কূপের ওয়ার্কওভার ০৫-০৫-২০২৫ তারিখে সফলভাবে সম্পন্ন করে গ্যাস উৎপাদন শুরু হয়েছে।<br>**কৈলাশটিলা-৭** কূপের ওয়ার্কওভার ২৬-০৪-২০২৫ তারিখে সফলভাবে সম্পন্ন করে গ্যাস উৎপাদন শুরু হয়েছে।<br>ক্রমপুঞ্জিভূত -৩টি (সিলেট-৭, তিতাস-১৬, ও কৈলাশটিলা-৭)। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.৭ | ৩) প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন | **গ্যাস উৎপাদন (লক্ষ্যমাত্রা ৪০ বিসিএফ) :**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৪০বিসিএফ। ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ৪০.৯৫৩ বিসিএফ গ্যাস উৎপাদিত হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ১.৮ | | **কনডেনসেট উৎপাদন (লক্ষ্যমাত্রা ৫ মিলিয়ন.লি) :**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৫ মিলিয়ন.লি। ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ৫.৫৪৫ মিলিয়ন.লি কনডেনসেট উৎপাদিত হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |

| | | |
|---|---|---|
| ১.৯ | ৪) মানব সম্পদ উন্নয়ন | **মানবসম্পদ উন্নয়ন-প্রশিক্ষণ (লক্ষ্যমাত্রা ৮০০ জন):**<br>২০২৪-২৫ অর্থবছরে। ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ৯১৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ২.০ | | **অভ্যন্তরীন শিখন সেশন (লক্ষ্যমাত্রা ৮টি):**<br>২০২৪-২৫ অর্থবছরে ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ০৮ (আট)টি অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনা করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ২.১ | | **ওয়াৰ্কশপ/ সেমিনার পরিচালনা (লক্ষ্যমাত্রা ২টি):**<br>২০২৪-২৫ অর্থবছরে ০১-০৭-২৪ হতে ৩০-০৬-২০২৫ পর্যন্ত ০৩ (তিন)টি অভ্যন্তরীন ওয়াৰ্কশপ/ সেমিনার পরিচালনা করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ২.২ | ৫) প্রসেসপ্লান্ট, পাইপ লাইন ও স্টোরেজ ট্যাংক এর সেফটি শক্তিশালীকরণ | **গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>২০২৪-২৫ অর্থবছরে বাপেক্স এর আওতাধীন শাহবাজপুর, শ্রীকাইল, ফেঞ্চুগঞ্জ ও সেমুতাং গ্যাসক্ষেত্রসমূহের আন্ডারগ্রাউন্ড গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি মনিটরিং মোট ০৫ (পাচঁ) বার করা হয়েছে। মনিটরিংকালে এ সকল গ্যাসক্ষেত্রের আন্ডারগ্রাউন্ড গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি সিস্টেম কার্যকর পাওয়া গিয়েছে। অন্যান্য গ্যাসক্ষেত্র সমূহে আন্ডারগ্রাউন্ড গ্যাস গ্যাদারিং পাইপ লাইন নেই বিধায় এ সকল গ্যাসক্ষেত্রে পরীক্ষা করা হয় নি। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ২.৩ | | **পেট্রোলিয়াম প্রোডাক্ট এর স্টোরেজ ট্যাংকের সিপি মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>২০২৪-২৫ অর্থবছরে বাপেক্স এর আওতাধীন শাহবাজপুর, শ্রীকাইল, ফেঞ্চুগঞ্জ ও সেমুতাং গ্যাসক্ষেত্র গ্যাসক্ষেত্র সমূহের কনডেনসেট স্টোরেজ ট্যাংক এর সিপি সিস্টেম মনিটরিং মোট ০৫ (পাচঁ) বার করা হয়েছে। মনিটরিংকালে এ সকল গ্যাসক্ষেত্রের পেট্রোলিয়াম প্রোডাক্ট এর স্টোরেজ ট্যাংক এর সিপি সিস্টেম কার্যকর পাওয়া গিয়েছে। অন্যান্য গ্যাসক্ষেত্র সমূহে উৎপাদিত কনডেনসেট এর পরিমাণ অতি নগণ্য বিধায় এ সকল গ্যাসক্ষেত্রে পরীক্ষা করা হয় নি। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| দ২.৪ | | **প্রসেস প্লান্টের আর্থিং সিস্টেম মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>২০২৪-২৫ অর্থবছরে বাপেক্স এর মালিকানাধীন ০৭ (সাত) টি গ্যাসক্ষেত্রের আর্থিং সিস্টেম এর সকল অংশ মোট ০৫ (পাচঁ) বার মনিটরিং করা হয়েছে। । মনিটরিংকালে আর্থিং সিস্টেম এর কোন অংশে কোন মেকানিকাল বা করোশনজনিত ক্ষয় পাওয়া যায় নি। সকল আর্থিং সিস্টেম কার্যকর রয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ২.৫ | ৬) অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিং সফটওয়্যার ক্রয় | **(লক্ষ্যমাত্রা: অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিং সফটওয়্যার ক্রয়):**<br>অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন মনিটরিংয়ের লক্ষ্যে একটি সফটওয়্য ক্রয়ের লক্ষ্যে ইতোপূর্বে বিভিন্ন সফটওয়্যারের feature সমূহ পর্যালোচনা করা হয়েছে। সফটওয়্যারের feature সমূহ ও তুলনামূলক বার্ষিক লাইসেন্সিং ফি বিবেচনায় AnyViewer Pro সফটওয়্যারটি ক্রয় করার বিষয়ে ব্যবহারকারীগণ সিদ্ধান্ত গ্রহণ করেন। এ প্রেক্ষিতে গত ২৫-০৩-২০২৫খ্রি. তারিখে AnyViewer Pro সফটওয়্যারটি ক্রয় করা হয়েছে। এর মাধ্যমে নিরবিচ্ছিন্নভাবে ঢাকায় বসে অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা মনিটরিং করা হচ্ছে। |

13/07/2025

মোসাঃ শ্রাবনী আকতার
উপব্যবস্থাপক (ভূতত্ত্ব)
বেসিন স্টাডি উপবিভাগ
ভূতাত্ত্বিক বিভাগ
বাপেক্স, ঢাকা।

১৩/০৭/২০২৫

Md. Mashiur Rahman
Deputy General Manager (Geology)
Geological Division
BAPEX, Dhaka

১৩/০৭/২৫

প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন
মহাব্যবস্থাপক
উৎপাদন বিভাগ
বাপেক্স

# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

## ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক (জুলাই, ২০২৪-জুন, ২০২৫) এর কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্বতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | বার্ষিক (জুলাই, ২০২৪-জুন, ২০২৫) অর্জন | চলতি (২০২৪-২৫) অর্থবছরের জুন, ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| বাপেক্স এর কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ : | | | | | | | | | | |
| ১)জ্বালানি অনুসন্ধানে সার্ভে কার্যক্রম জোরদারকরণ | ২২ | ১.১) ভূতাত্ত্বিক জরিপ | [১.১.১] জরিপকৃত | সমষ্টি | লা. কি. মি. | ৮ | ৯০ | ৯৫.০০ | ৯৫ | সংযুক্তি ১.১ |
| | | ১.২) দ্বিমাত্রিক জরিপ | [১.২.১] জরিপকৃত | সমষ্টি | লা. কি. মি. | ১০ | ৯০০ | ৯৯৭.৩৩ | ৯৯৭.৩৩ | সংযুক্তি ১.২ |
| | | ১.৩) ত্রিমাত্রিক জরিপ | [১.৩.১] জরিপকৃত | সমষ্টি | বর্গ কি.মি. | ৪ | ২০-০৬-২৫ | ২৬-০৬-২০২৫ | ২৬-০৬-২০২৫ | সংযুক্তি ১.৩ |
| ২)জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ | ২০ | ২.১) অনুসন্ধান কূপ খনন | [২.১.১] খননকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৬ | ১ | ১ | ১ | সংযুক্তি ১.৪ |
| | | ২.২) উন্নয়ন কূপ খনন | [২.২.১] খননকৃত কূপ | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | - | - | সংযুক্তি ১.৫ |
| | | ২.৩) ওয়ার্কওভার | [২.৩.১] ওয়ার্কওভার সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ৩ | ৩ | সংযুক্তি ১.৬ |
| ৩) প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন | ১১ | ৩.১) গ্যাস উৎপাদন | [৩.১.১] গ্যাস উৎপাদিত | সমষ্টি | বিসিএফ | ৬ | ৪০.০০ | ৪০.৯৫৪ | ৪০.৯৫৪ | সংযুক্তি১.৭ |
| | | ৩.২) পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন | [৩.২.১] কনডেনসেট উৎপাদিত | সমষ্টি | মিলিয়ন লিটার | ৫ | ৫.০০ | ৫.৫৪৫ | ৫.৫৪৫ | সংযুক্তি ১.৮ |
| ৪) স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন | ১০ | ৪.১) মানব সম্পদ উন্নয়ন | [৪.১.১] প্রশিক্ষণ গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৬ | ৮০০ | ৯১৪ | ৯১৪ | সংযুক্তি ১.৯ |
| | | ৪.২) আভ্যন্তরীন শিখন সেশন | [৪.২.১] শিখন সেশন পরিচালনা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮ | ৮ | ৮ | সংযুক্তি ২.০ |
| | | ৪.৩) ওর্য়াকশপ/ সেমিনার | [৪.৩.১] ওর্য়াকশপ/ সেমিনার পরিচালনা | সমষ্টি | সংখ্যা | ১ | ২ | ৩ | ৩ | সংযুক্তি ২.১ |
| ৫) প্রসেসপ্লান্ট, পাইপ লাইন ও স্টোরেজ ট্যাংক এর সেফটি শক্তিশালীকরণ | ৫ | ৫.১) গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি মনিটরিং | [৫.১.১] গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি মনিটরিং | মনিটরিংকৃত | সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | সংযুক্তি ২.২ |
| | | ৫.২) পেট্রোলিয়াম প্রোডাক্ট এর স্টোরেজ ট্যাংকের সিপি মনিটরিং | [৫.২.১] পেট্রোলিয়াম প্রোডাক্ট এর স্টোরেজ ট্যাংকের সিপি মনিটরিং | মনিটরিংকৃত | সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | সংযুক্তি ২.৩ |
| | | ৫.৩) প্রসেস প্লান্টের আর্থিং সিস্টেম মনিটরিং | [৫.৩.১] প্রসেস প্লান্টের আর্থিং সিস্টেম মনিটরিং | মনিটরিংকৃত | সংখ্যা | ১ | ৫ | ৫ | ৫ | সংযুক্তি ২.৪ |
| ৬) অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিং সফটওয়্যার ক্রয় | ২ | ৬.১) ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিংকৃত | [৬.১.১] ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিংকৃত | সংখ্যা | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | সংযুক্তি ২.৫ |

13/07/2025
মোসাঃ রাকিবা আক্তার
উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)
বেসিন স্টাডি উপবিভাগ
ভূতাত্ত্বিক বিভাগ
বাপেক্স, ঢাকা।

১৩/০৭/২০২৫
Md. Mashiur Rahman
Deputy General Manager (Geology)
Geological Division
BAPEX, Dhaka

১৩/৭/২৫
প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন
মহাব্যবস্থাপক
উৎপাদন বিভাগ
বাপেক্স